

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৯২

আগরতলা, ১২ অক্টোবর, ২০১৭

আগরতলায় আন্তর্জাতিক বিপর্যয় হ্রাস দিবসের কর্মসূচী

আগামীকাল আন্তর্জাতিক বিপর্যয় হ্রাস দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি রাজ্যে উদযাপন করা হচ্ছে। এ উপলক্ষে নেয়া হয়েছে নানা কর্মসূচী। আগামীকাল সকাল ৭টায় বিবেকানন্দ ময়দান থেকে একটি সুসজ্জিত র্যালি বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে উমাকান্ত একাডেমীতে এসে মিলিত হবে। সকাল ১১টায় বিভিন্ন দপ্তর, স্কুল ও কলেজে ভূকম্পনের সম্ভাব্য ক্ষয়ক্ষতি এড়ানোর মহড়া অনুষ্ঠিত হবে। একই সঙ্গে নেয়া হবে শপথও। অনুরূপ কর্মসূচী পালিত হবে সচিবালয় ভবনেও। ১৩ অক্টোবর থেকে ১৬ অক্টোবর পর্যন্ত প্রতি সন্ধ্যায় আগরতলা শহরের ৬টি স্থানে হবে পথ নাটক। ১৫ অক্টোবর সকাল ৮টায় শিশুবিহার স্কুল চত্বরে ছাত্র-ছাত্রীদের নিয়ে হবে বসে আঁকো প্রতিযোগিতা। রাজস্ব দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে। এদিকে আগামীকাল আন্তর্জাতিক বিপর্যয় হ্রাস দিবস উপলক্ষে আগরতলা অফিস লেইনের শিক্ষা ভবনে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এক যৌথ মহড়া অনুষ্ঠিত হবে। সকাল ১১টায় এই যৌথ মহড়ার আয়োজন করা হবে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অতিরিক্ত অধিকর্তা এই সংবাদ জানিয়েছেন।

D.N

This document was converted to PDF by
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com